

জাবিতে 'জুলাই ২৪ স্মৃতি সড়ক' উদ্বোধন

জুলাই গণ-অভ্যর্থনা স্মরণ

নিজস্ব প্রতিবেক, সাভার

১৭ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেরসময়



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জুলাই ২৪ গণ-অভ্যর্থনার স্মৃতিবিজড়িত 'জুলাই ২৪ স্মৃতি সড়ক' উদ্বোধন করেছে প্রশাসন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) উপাচার্যের বাসভবনের সামনের সড়কে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশ ও ছাত্রলীগের ভয়াবহ হামলার রাতকে স্মরণ করতে এ এটির উদ্বোধন করা হয় বলে জানিয়েছে প্রশাসন।

মঙ্গলবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদ ভবনের সামনে থেকে শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে সম্পূর্ণি রঃঃয়ালি বের করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। রঃঃয়ালি নতুন কলাভবন হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক ঘুরে উপাচার্যের বাসভবনের সামনে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়।

এ সময় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান নিজ বাসভবনের সামনের সড়ককে ‘জুলাই ২৪ স্মৃতি সড়ক’ হিসেবে নামকরণের ঘোষণা ও উদ্বোধন করেন। পরে জুলাই শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও অংশগ্রহণ করেন অন্যান্য বিশ্ববিদ্যালয় ও স্কুল-কলেজের শিক্ষার্থীরা।